গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাইকগাছা,খুলনা।

স্মারক নং- ০৫.৪৪.৪৭৬৪.০০০.২৬.০০২.২০২১- ৭৮

তারিখঃ ১৯/০১/২০২১ খ্রি.

**১৪২৮ বঙ্গাব্দের জন্য আন্তঃ ইউনিয়ন ফেরীঘাট/ট্রলারঘাট ইজারা দরপত্র বিজ্ঞপ্তি (১ম থেকে ৫ম পর্ব পর্যন্ত) ঃ**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ১৯/০৪/২০০৩ খ্রিঃ তারিখের প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২(৫২৭২) নং স্মারকে প্রণীত নীতিমালার আলোকে পাইকগাছা উপজেলাধীন ১০টি আন্তঃইউনিয়ন ফেরীঘাট/খেয়াঘাট/ট্রলারঘাট ১৪২৮ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত একসনা মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তসাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

**ইজারাযোগ্য আন্তঃ ইউনিয়ন খেয়াঘাট/ট্রলার ঘাটের নামঃ**

| ক্রঃনং | খেয়াঘাট/ট্রলার ঘাটের নাম | অবস্হানগত ইউপি'র নাম | সম্ভাব্য ইজারা মূল্য | দরপত্র মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | সোনাখালী-খড়িয়া | সোলাদানা-লস্কর | ১,১০০/- | ৪০০/- | |
| ২। | লতা-জিরবুনিয়া-মুনকিয়া | লতা-দেলুটী | ১,১০০/- | ২০০/- | |
| ৩। | লতা-দেলুটি-সোলাদানা | লতা-দেলুটী-সোলাদানা | ৪,১৩,৬০০/- | ১,০০০/- | |
| ৪। | খড়িয়া-বগুলারচক | গড়ইখালী-লস্কর | ৭৭,০০০/- | ১,০০০/- | |
| ৫। | আমুরকাটা-খড়িয়া | সোলাদানা-লস্কর | ৫৭,২৭৩/- | ৫০০/- | |
| ৬। | চৌমুহনী-খড়িয়া-পাতড়াবুনিয়া | গড়ইখালী-লস্কর | ৫৯,৮১০/- | ৬০০/- | |
| ৭। | গড়ইখালী-বেতবুনিয়া | গড়ইখালী-সোলাদানা | ১৬,৫৫,৫০০/- | ১,০০০/- | |
| ৮। | লতা-দেলুটী | লতা-দেলুটী | ১০,০১০/- | ২০০/- | |
| ৯। | সোলাদানা বাজার ট্রলার ঘাট | সোলাদানা | ৭,০৪,০০০/- | ১,০০০/- | |
| ১০। | দারুনমল্লিক ট্রলার ঘাট | দেলুটি | ৭,৮৭,৭১০/- | ১,০০০/- | |

## দরপত্র বিক্রয়ের ছক

| পর্ব | দরপত্র ক্রয়ের শেষ তারিখ ও সময় (সকাল ৯.০০ টা হতে বিঃ ৫.০০টা) | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম | ২৩/০২/২১ অফিস চলাকালীন সময় | ২৪/০২/২১ বেলা ১.৩০ মিঃ | ২৪/০২/২১ বেলা ২.০০ টা | উল্লেখিত তারিখ অনুযায়ী পর্যায়ক্রমে দরপত্র আহ্বান অব্যাহত থাকবে। তবে যে কোন বার যে কোন ঘাটের দরপত্র অনুমোদিত হলে উক্ত ঘাটের পরবর্তী দরপত্র সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত বলে গণ্য হবে। |
| ২য় | ০৭/০৩/২১ অফিস চলাকালীন সময় | ০৮/০৩/২১ বেলা ১.৩০ মিঃ | ০৮/০৩/২১ বেলা ২.০০ টা | |
| ৩য় | ১৬/০৩/২১ অফিস চলাকালীন সময় | ১৮/০৩/২১ বেলা ১.৩০ মিঃ | ১৮/০৩/২১ বেলা ২.০০ টা | |
| ৪র্থ | ২৮/০৩/২১ অফিস চলাকালীন সময় | ৩০/০৩/২১ বেলা ১.৩০ মিঃ | ৩০/০৩/২১ বেলা ২.০০ টা | |
| ৫ম | ০৮/০৪/২১ অফিস চলাকালীন সময় | ১১/০৪/২১ বেলা ১.৩০ মিঃ | ১১/০৪/২১ বেলা ২.০০ টা | |

## শর্তাবলীঃ

(০১) দরপত্র নির্ধারিত মূল্যে(অফেরতযোগ্য) নিম্নস্বাক্ষরকারীর দপ্তর এবং জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা হতে উপরে বর্ণিত তারিখ এবং সময়ে ক্রয় করা যাবে।

(০২) ১ম পর্বে শুধুমাত্র জন্মগত পেশাদার পাটনীগণ দরপত্রে অংশ গ্রহণ করতে পারবে। জন্মগত পেশাদার পাটনীর সমর্থণে তার বর্তমান পেশার বিবরণসহ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা/সিটি করপোরেশন কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং তিনি নিজে ও তার পিতা যে ফেরীঘাটের পাটনী ছিলেন তার ইজারা সংক্রান্ত প্রমাণপত্র দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(০৩) ১ম পর্বে জন্মগত পেশাদার পাটনী না পেলে বা অংশ গ্রহণ না করলে বা সন্তোষজনক দর পাওয়া না গেলে পরবর্তী পর্বে বা পর্বসমূহে সর্বসাধারণ দরপত্র ক্রয় ও অংশ গ্রহণ করতে পারবেন।

(০৪) দরপত্রসমূহ নির্ধারিত তারিখ বেলা ১.৩০ টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে এবং জেলা প্রশাসক, খুলনা মহোদয়ের কার্যালয়ে (স্থানীয় সরকার শাখা) রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে। দরপত্রসমূহ ঐদিন বেলা ২.০০টায় দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) নিম্নস্বাক্ষরকারীর অফিসে খোলা হবে। উল্লেখ্য সন্তোষজনক দর না পাওয়া পর্যন্ত পর্যায়ক্রমে বর্ণিত পর্বের সময়সূচি কার্যকর থাকবে। যে কোন বার যে ঘাটের দরপত্র অনুমোদন করা হবে, পরবর্তী পর্বে সে ঘাটের দরপত্র সংক্রান্ত কার্যক্রম স্থগিত থাকবে।

(০৫) দাখিলকৃত দরপত্রের সাথে দরপত্রে উদ্বৃত মূল্যের শতকরা ২৫% অর্থ যে কোন তপশীলভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা, খুলনা এর অনুকুলে দাখিল করতে হবে। অবশিষ্ট ৭৫% অর্থ দরপত্র অনুমোদনের ৭(সাত) কার্য দিবসের মধ্যে জমা দিতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্তসহ দরপত্র বাতিল পূর্বক পুনরায় দরপত্র আহ্বান করা হবে।

(০৬) ইজারা গ্রহীতাকে ইজারা মূল্যের উপর ১৫% হারে ভ্যাট (১-১১৩৩-০০০১-০৩১১ নং কোড) এবং ৫% হারে আয়কর হিসাবে (১-১১৪১-০০৫৫-০১১১ নং কোডে) ট্রেজারী চালানের মাধ্যমে জমাদান করে চালানের মূল কপি দাখিল করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্তসহ দরপত্র বাতিল বলে গন্য হবে।

(০৭) ইজারা মূল্যসহ সরকারি সম্পূর্ণ পাওনা টাকা পরিশোধ করে ইজাদার কর্তৃক ভূমি ব্যবস্হাপনা ম্যানুয়েল-১৯৯১ মোতাবেক ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে। অন্যথায় দখলনামা হস্তান্তর করা হবে না।

চলমান পাতা -০২/

(০৮) ইজারাদার কোন ক্রমেই প্রাপ্ত খেয়াঘাট/ট্রলার ঘাট অন্যের নিকট সাব-লীজ দিতে পারবে না। অনুরুপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্ত লংঘন করলে ইজারা বাতিল করা হবে এবং জামানত বাজেয়াপ্তসহ আইনগত ব্যবস্হা গ্রহণ করা হবে।

(০৯) দরপত্র দাখিলের সময় সীলমোহর যুক্ত খামের উপর সংশ্লিষ্ট খেয়াঘাটের/ট্রলার ঘাটের নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

(১০) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত টোল রেইট অনুযায়ী টোল আদায় করতে হবে। উক্ত টোল রেইট এর তালিকা জনসাধারণের জ্ঞাতার্থে খেয়াঘাটের উভয় পাড়ে ঝুলিয়ে রাখতে হবে।

(১১) কোন কারণ দর্শনো ব্যতীত যে কোন বা সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

এ. বি. এম. খালিদ হোসেন সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা, খুলনা।

স্মারক নং- ০৫.৪৪.৪৭৬৪.০০০.২৬.০০২.২০২১- ৭৮ (৮০)

তারিখঃ ১৯/০১/২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরিত হলো ঃ-

(০১) বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
(০২) জেলা প্রশাসক, খুলনা।
(০৩) পুলিশ সুপার, খুলনা।
(০৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাইকগাছা, খুলনা।
(০৫) উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।
(০৬) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), খুলনা।
(০৭) মেয়র, পাইকগাছা পৌরসভা।
(০৮) উপজেলা নির্বাহী অফিসার,.................................................... খুলনা (সকল)।
(০৯) উপজেলা..................................................... অফিসার, পাইকগাছা, খুলনা(সকল)। অত্র বিজ্ঞপ্তিটি তাঁর অফিসের নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য ঝুঁলিয়ে দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
(১০) চেয়ারম্যান/সচিব............................. ইউনিয়ন পরিষদ, পাইকগাছা(সকল)। বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে ঝুঁলিয়ে এবং মাইকযোগে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
(১১) ইউনিয়ন ভুমি সহকারী কর্মকর্তা,.................................. ভূমি অফিস(সকল), পাইকগাছা। বিজ্ঞপ্তিটি ঢোল সহরতযোগে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
(১২) পোষ্ট মাষ্টার,............................................... পোষ্ট অফিস,.................................শাখা, পাইকগাছা, খুলনা।
(১৩) জনাব,...................................................................ইজাদার/প্রাক্তন ইজারাদার, .................................................... খেয়াঘাট/ট্রলার ঘাট, পাইকগাছা, খুলনা।
(১৪) নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।

এ. বি. এম. খালিদ হোসেন সিদ্দিকী
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা, খুলনা।